গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর

এবং

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৬

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৮

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৯

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

উপজেলা প্রশাসন, সুনামগঞ্জ সদর বাংলাদেশ সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে অর্পিত সকল দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করে যাচ্ছে। এ উপজেলায় সামাজিক অপরাধসমূহ দমন ও নিয়ন্ত্রণে বর্তমান বছরসহ বিগত ০৩ বছরে ৩৬৯ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। সায়রাতমহাল ইজারা প্রদানের মাধ্যমে ১,৪০,০৭,৫২৮/- টাকা সরকারী কোষাগারে রাজস্ব প্রদান করা হয়েছে। ১৬২ টি জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তি হয়েছে এবং ১৭,০২,৬৫৫/- টাকা আদায় করা হয়েছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে এ পর্যন্ত সুনামগঞ্জ সদর উপজেলায় বয়স্ক ভাতা-৬,৮০০ জন, স্বামী পরিত্যক্তা ও বিধবা ভাতা-২,৫১১ জন ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ৩,৭৮৬ জনকে প্রদান করা হয়েছে। মোট ১৩,০৯৭ টি পরিবার এ কর্মসূচির আওতায় সুবিধা ভোগ করছেন। এছাড়া উপজেলা পরিষদের সম্মুখে সেবাগ্রহীতাদের বসার জন্য সেবা চত্বর নির্মাণ করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে বঙ্গবন্ধু কর্ণার এবং মুক্তিযোদ্ধা বিষয়ক লাইব্রেরী স্থাপন করা হয়েছে এবং উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধু ম্যুরাল স্থাপন করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে ৭৬৮ জনকে ৪০০ বর্গফুট দুই কক্ষবিশিষ্ট দুর্যোগ সহনীয় ঘর নির্মাণ করে দেয়া হয়েছে । সকল প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণীকক্ষ সুসজ্জিত করাসহ বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে এবং ১০,০০০ গাছের চারা বিতরণ করা হয়েছে । করোনা ভাইরাস সংক্রমন বৃদ্ধির প্রেক্ষাপটে সাধারণ ছুটিকালীন সময়ে সুনামগঞ্জ সদর উপজেলা প্রশাসন সার্বক্ষনিক জনসেবায় নিয়োজিত থেকে ত্রাণ বিতরণ ও বিভিন্ন সরকারি নির্দেশনা বাস্তবায়নে সহায়তা করেছে। সাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতনতা তৈরীতে ১৮৩টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। করোনা ভাইরাস সংক্রমন রোধে সুনামগঞ্জ সদর উপজেলায় লক্ষাধিক মাস্ক ও স্যানিটাইজার বিতরণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কিছু সীমাবদ্ধতা রয়েছে। আইসিটি প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ ও পর্যাপ্ত জনবলের ঘাটতি থাকায় সেবা প্রদানে সমস্যা হচ্ছে। সার্বক্ষণিক ও দ্রুতগতির ইন্টারনেট সেবা না থাকায় কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া ইউনিয়ন ভূমি অফিসসমূহে ব্যবহারযোগ্য ভৌত অবকাঠামো ও জনবলের স্বল্পতা রয়েছে। যার ফলে ভূমি বিষয়ক সেবা প্রদানে কাঙ্ক্ষিত মান অর্জন ব্যাহত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জনসাধারণকে সহজে, কমসময়ে ও দুর্নীতিমুক্ত উপায়ে সেবা প্রদানের জন্য উপজেলা প্রশাসন কর্তৃক বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করা হবে। তন্মধ্যে (ক) দক্ষ মানবসম্পদ উন্নয়নে উপজেলা প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীদের ডাটাবেইজ তৈরী করা; (খ) ইকোনমিক জোন প্রতিষ্ঠা করা; (গ) সকল প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয় ও কলেজসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুম শতভাগ চালু করণের নিমিত্ত মনিটরিং কার্যক্রম জোরদার করা; (ঘ) One Stop Service চালু করার মাধ্যমে ভূমি প্রশাসনকে অধিকতর সহজ ও জনবান্ধব করে গড়ে তোলা; (ঙ) সফটওয়্যার ব্যবহার করে নামজারি প্রক্রিয়া সহজীকরণ, ডিজিটাল পদ্ধতিতে শতভাগ ভূমি উন্নয়ন কর দাবী নির্ধারণের কার্যক্রম গ্রহণ করা হবে । (চ) ই-ফাইলিং কার্যক্রমের দ্বারা সরকারের কাজকে দ্রুত সম্পন্ন করা হবে (ছ) স্কুল খোলা সাপেক্ষে শতভাগ মিড-ডে মিল চালু করা হবে। (জ) করোনা মোকাবিলায় মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে চলতে জনগণকে উদ্বুদ্ধ করা। (ঝ) করোনার টিকা গ্রহণে জনসাধারণকে আগ্রহী করতে উদ্বুদ্ধ করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- উপজেলার নিজস্ব ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা এবং উপজেলার বিখ্যাত পণ্যসমূহের প্রচার ও বিপণনে উদ্যোগ গ্রহণ ;
- শিক্ষা প্রতিষ্ঠানে উন্নত পাঠদান নিশ্চিতে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ ;
- বজ্রপাত নিয়ন্ত্রণ ও পরিবেশ সংরক্ষণে ২০০টি তালগাছ বিতরণসহ বৃক্ষরোপণ কার্যক্রম গ্রহণ;
- খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ২০% অনাবাদী জমি চাষযোগ্য করে গড়ে তোলা এবং হাওড় অঞ্চলের খাদ্যশস্য উৎপাদন অব্যাহত রাখতে ফসল রক্ষা বাঁধ নিমার্ণ কার্যক্রম কার্যকরীভাবে পরিবীক্ষণ করা ;
- উপজেলার সকল কর্মচারীকে আইসিটিতে দক্ষ হিসেবে গড়ে তোলা হবে;

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর

এবং

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দক্ষ, গতিশীল, উন্নয়ন সহায়ক এবং জনবান্ধব প্রশাসন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার ও সেবাদাতাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবা নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ভূমি ব্যবস্থাপনা
২. উন্নয়ন ও প্রশাসনিক সমন্বয় এবং স্থানীয় সরকার
৩. আইন-শৃঙ্খলা
৪. শিক্ষা, সংস্কৃতি ও আইসিটি

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. উপজেলার আন্ত:বিভাগীয় কর্মকান্ডের সমন্বয় এবং প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ উপজেলার প্রধান উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে সমন্বয়কারীর দায়িত্ব পালন
২. দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ
৩. সরকার কর্তৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন
৪. উপজেলার রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ
৫. উপজেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ, মোবাইল কোর্ট পরিচালনা, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষাপূর্বক জনজীবনে স্বস্তি আনয়ন এবং ভিভিআইপিদের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি
৬. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনার আওতায় অভিযোগ নিষ্পত্তি
৭. সেবা পদ্ধতি সহজীকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান, উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ, সোস্যাল মিডিয়া ব্যবহার, এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি

# সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| স্বচ্ছ ও জবাবদিহিতামূলক প্রশাসন ব্যবস্থা | | | | | | | | | |
| জনগণকে অতি দ্রুততম সময়ে সেবা প্রদান | | | | | | | | | |
| করোনা প্রতিরোধে সচেতন জনগণ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] ভূমি ব্যবস্থাপনা | ২০ | [১.১] কৃষি খাস জমি বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ | [১.১.১] প্রস্তাব প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৬০ | ৬২ | ৪৮ | ৪৪ | ৩৮ | ৩৩ | ২৮ | ৪৮ | ৪৮ |
| | | [১.২] উপজেলা ভূমি অফিস পরিদর্শন | [১.২.১] পরিদর্শন রিপোর্ট প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ৬ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৬ |
| | | [১.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন তদারকি | [১.৩.১] সুপারিশ বাস্তবায়িত | গড় | % | ২ | ৯৫ | ৯৬ | ৯০ | ৮৫ | ৮০ | ৭০ | ৬০ | ৯৫ | ৯৭ |
| | | [১.৪] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | [১.৪.১] পরিদর্শন রিপোর্ট প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩৬ | ৩৬ | ২৪ | ২১ | ১৯ | ১৬ | ১৪ | ২৪ | ২৪ |
| | | [১.৫] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন তদারকি; | [১.৫.১] সুপারিশ বাস্তবায়িত | গড় | % | ২ | ৯৫ | ৯৬ | ৯০ | ৮৫ | ৮০ | ৭০ | ৬০ | ৯৫ | ৯৭ |
| | | [১.৬] খাসজমি উদ্ধারকল্পে উচ্ছেদ প্রস্তাব প্রেরণ; | [১.৬.১] প্রস্তাব প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ১ | ৩ | ২ | ১ | ১ | ১ | ৩ | ৩ |
| | | [১.৭] অর্পিত সম্পত্তি ইজারা নবায়ন; | [১.৭.১] নবায়ন সম্পন্ন | গড় | % | ৩ | ৬৫ | ০ | ২০ | ১৫ | ১০ | ৫ | ০ | ২৫ | ৩০ |
| | | [১.৮] উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | [১.৮.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ৩ | ০ | ০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭০ | ৬০ | ৯৫ | ৯৭ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] উন্নয়ন ও প্রশাসনিক সমন্বয় এবং স্থানীয় সরকার | ২০ | [২.১] খাদ্য নিরাপত্তা নিশ্চিতে উন্নত জাতের বীজ ব্যবহার | [২.১.১] উন্নত জাতের বীজ বিতরণকৃত | গড় | % | ৩ | ০ | ৬০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ | ৮০ | ৮৫ |
| | | [২.২] জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম | [২.২.১] উপজেলায় জন্মের ১ বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার | গড় | % | ২ | ০ | ২৪ | ১০০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১০০ |
| | | | [২.২.২] উপজেলায় মৃত্যুর ১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার | গড় | % | ২ | ০ | ৮ | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৫০ | ৬০ |
| | | [২.৩] বজ্রপাত নিয়ন্ত্রণের লক্ষ্যে তালগাছ রোপণ | [২.৩.১] বিতরণকৃত তাল গাছ | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ২০০ | ১৫০ | ১০০ | ৫০ | ২০ | ২৫০ | ৩০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] কমিউনিটি ক্লিনিক/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ পরিদর্শন | [২.৪.১] পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ৮ | ২৪ | ২০ | ১৬ | ১২ | ১০ | ২৪ | ২৪ |
| | | [২.৫] হাওড়ের ফসল রক্ষা বাঁধ নিমার্ণ কার্যক্রম পরিদর্শন | [২.৫.১] নির্মাণাধীন ফসল রক্ষা বাঁধ পরিদর্শনকৃত/ দর্শনকৃত (মোট পরিমাণের বিপরীতে) | গড় | % | ৩ | ০ | ০ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৩৫ | ৩৫ |
| | | [২.৬] অনাবাদী জমি আবাদের আওতায় আনায়ন | [২.৬.১] অনাবাদী জমি আবাদের হার | গড় | % | ২ | ০ | ০ | ২০ | ১৫ | ১০ | ৫ | ০ | ২৫ | ৩০ |
| | | [২.৭] উপজেলার বিখ্যাত পণ্যসমূহের প্রচার ও বিপণনে বিপণন কেন্দ্র স্থাপন | [২.৭.১] স্থাপনকৃত বিপনন কেন্দ্র | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] আইন-শৃঙ্খলা | ১৫ | [৩.১] মাসিক আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৩.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ৩ | ৯০ | ৯০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৯৫ | ৯৫ |
| | | [৩.২] জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | [৩.২.১] পেন্ডিং মামলার বিপরীতে নিষ্পত্তিকৃত মামলা (জিসিও) | গড় | % | ৩ | ০ | ০ | ২০ | ১৫ | ১০ | ৫ | ০ | ২৫ | ৩০ |
| | | [৩.৩] মাদক প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা | [৩.৩.১] পরিচালিত মোবাইলকোর্ট | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ৪ | ২ | ১ | ০ | ০ | ৪ | ৪ |
| | | [৩.৪] খাদ্যে ভেজাল, নকল পণ্য প্রতিরোধে সচেতনতা মোবাইল কোর্ট পরিচালনা | [৩.৪.১] পরিচালিত মোবাইলকোর্ট | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ৪ | ২ | ১ | ০ | ০ | ৪ | ৪ |
| | | [৩.৫] বাল্যবিবাহ/ইভটিজিং/মাদকদ্রব্য/ কিশোর অপরাধ প্রতিরোধ বিষয়ক জনসচেতনতামূলক সভা | [৩.৫.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| [৪] শিক্ষা, সংস্কৃতি ও আইসিটি | ১৫ | [৪.১] শিক্ষা প্রতিষ্ঠানে উন্নত পাঠদান নিশ্চিতে পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ২৪ | ২০ | ১৬ | ১২ | ১০ | ২৪ | ২৪ |
| | | [৪.২] সৃজনশীলতার চর্চা, সাংস্কৃতিক চর্চা বৃদ্ধিতে প্রতিযোগিতার আয়োজন | [৪.২.১] আয়োজিত প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | [৪.৩] স্কুলের মাঠে শিশুদের জন্য পার্ক স্থাপন | [৪.৩.১] স্থাপিত পার্ক | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৪] নিরাপদ ইন্টারনেট ও তথ্য প্রযুক্তি ব্যবহার নিশ্চিতে স্কুলসমুহে সভা আয়োজন | [৪.৪.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [৪.৫] উচ্চ প্রযুক্তি জ্ঞানসম্পন্ন শ্রমশক্তি গড়ে তুলতে প্রশিক্ষণ প্রদান | [৪.৫.১] প্রশিক্ষণ আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................... | ২৫.০৬.২৫<br>........................................... |
| উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>সুনামগঞ্জ সদর | তারিখ |
| ........................................... | ২৫/০৬/২০২৫<br>........................................... |
| জেলা প্রশাসক<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
| --- | --- | --- |
| ১ | উনিঅ | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | এসএফ | স্টেটম্যান্ট অব ফ্যাক্টস |
| ৩ | কাবিখা | কাজের বিনিময়ে খাদ্য |
| ৪ | ডিডিসিসি | জেলা উন্নয়ন সমন্বয় কমিটি |
| ৫ | বিসিএস | বাংলাদেশ সিভিল সার্ভিস |
| ৬ | সায়রাত মহাল | জলমহাল, বালুমহাল, পাথরমহাল, লবণমহাল, চিংড়িমহাল, ইত্যাদি |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] কৃষি খাস জমি বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ | [১.১.১] প্রস্তাব প্রেরিত | উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস | রিপোর্ট, সংশ্লিষ্ট রেজিস্টার |
| [১.২] উপজেলা ভূমি অফিস পরিদর্শন | [১.২.১] পরিদর্শন রিপোর্ট প্রেরণ | উপজেলা ভূমি অফিস | পরিদর্শন রিপোর্ট |
| [১.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন তদারকি | [১.৩.১] সুপারিশ বাস্তবায়িত | উপজেলা ভূমি অফিস | প্রতিবেদনের আলোকে কার্যক্রম গ্রহণ |
| [১.৪] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | [১.৪.১] পরিদর্শন রিপোর্ট প্রেরণ | ইউনিয়ন ভূমি অফিস | পরিদর্শন রিপোর্ট |
| [১.৫] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন তদারকি; | [১.৫.১] সুপারিশ বাস্তবায়িত | ইউনিয়ন ভূমি অফিস | প্রতিবেদনের আলোকে কার্যক্রম গ্রহণ |
| [১.৬] খাসজমি উদ্ধারকল্পে উচ্ছেদ প্রস্তাব প্রেরণ; | [১.৬.১] প্রস্তাব প্রেরিত | উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস | প্রেরিত প্রস্তাব/ রিপোর্ট |
| [১.৭] অর্পিত সম্পত্তি ইজারা নবায়ন; | [১.৭.১] নবায়ন সম্পন্ন | উপজেলা ভূমি অফিস | রেজিষ্টার/রিপোর্ট |
| [১.৮] উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | [১.৮.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | উপজেলা ভূমি অফিস | সভার কার্যপত্র |
| [২.১] খাদ্য নিরাপত্তা নিশ্চিতে উন্নত জাতের বীজ ব্যবহার | [২.১.১] উন্নত জাতের বীজ বিতরণকৃত | উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন |
| [২.২] জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম | [২.২.১] উপজেলায় জন্মের ১ বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার | ইউনিয়ন পরিষদ | প্রতিবেদন |
| | [২.২.২] উপজেলায় মৃত্যুর ১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার | ইউনিয়ন পরিষদ | প্রতিবেদন |
| [২.৩] বজ্রপাত নিয়ন্ত্রণের লক্ষ্যে তালগাছ রোপণ | [২.৩.১] বিতরণকৃত তাল গাছ | উপজেলা ত্রাণ ও পুর্নবাসন শাখা | প্রতিবেদন,ছবি |
| [২.৪] কমিউনিটি ক্লিনিক/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ পরিদর্শন | [২.৪.১] পরিদর্শনকৃত | কমিউনিটি ক্লিনিক/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | পরিদর্শন প্রতিবেদন |
| [২.৫] হাওড়ের ফসল রক্ষা বাঁধ নিমার্ণ কার্যক্রম পরিদর্শন | [২.৫.১] নির্মাণাধীন ফসল রক্ষা বাঁধ পরিদর্শনকৃত/ দর্শনকৃত (মোট পরিমাণের বিপরীতে) | পানি উন্নয়ন বোর্ড | ছবি,প্রতিবেদন |
| [২.৬] অনাবাদী জমি আবাদের আওতায় আনায়ন | [২.৬.১] অনাবাদী জমি আবাদের হার | উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন |
| [২.৭] উপজেলার বিখ্যাত পণ্যসমূহের প্রচার ও বিপণনে বিপণন কেন্দ্র স্থাপন | [২.৭.১] স্থাপনকৃত বিপনন কেন্দ্র | উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন |
| [৩.১] মাসিক আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৩.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | সভার কার্যপত্র |
| [৩.২] জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | [৩.২.১] পেন্ডিং মামলার বিপরীতে নিষ্পত্তিকৃত মামলা (জিসিও) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | রিপোর্ট |
| [৩.৩] মাদক প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা | [৩.৩.১] পরিচালিত মোবাইলকোর্ট | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | রিপোর্ট |
| [৩.৪] খাদ্যে ভেজাল, নকল পণ্য প্রতিরোধে সচেতনতা মোবাইল কোর্ট পরিচালনা | [৩.৪.১] পরিচালিত মোবাইলকোর্ট | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | রিপোর্ট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.৫] বাল্যবিবাহ/ইভটিজিং/মাদকদ্রব্য/ কিশোর অপরাধ প্রতিরোধ বিষয়ক জনসচেতনতামূলক সভা | [৩.৫.১] আয়োজিত সভা | প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, তথ্য আপা, ইউনিয়ন পরিষদ | সভার কার্যপত্র |
| [৪.১] শিক্ষা প্রতিষ্ঠানে উন্নত পাঠদান নিশ্চিতে পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত | প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, | রিপোর্ট |
| [৪.২] সৃজনশীলতার চর্চা, সাংস্কৃতিক চর্চা বৃদ্ধিতে প্রতিযোগিতার আয়োজন | [৪.২.১] আয়োজিত প্রতিযোগিতা | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান | প্রতিবেদন ,ছবি |
| [৪.৩] স্কুলের মাঠে শিশুদের জন্য পার্ক স্থাপন | [৪.৩.১] স্থাপিত পার্ক | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান | রিপোর্ট |
| [৪.৪] নিরাপদ ইন্টারনেট ও তথ্য প্রযুক্তি ব্যবহার নিশ্চিতে স্কুলসমুহে সভা আয়োজন | [৪.৪.১] আয়োজিত সভা | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান | রিপোর্ট |
| [৪.৫] উচ্চ প্রযুক্তি জ্ঞানসম্পন্ন শ্রমশক্তি গড়ে তুলতে প্রশিক্ষণ প্রদান | [৪.৫.১] প্রশিক্ষণ আয়োজন | যুব উন্নয়ন,মহিলা বিষয়ক অধিদপ্তর,বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান | প্রতিবেদন |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| কৃষি খাস জমি বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ | প্রস্তাব প্রেরিত | উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস | প্রয়োজনীয় তথ্য আদান প্রদান |
| খাদ্যে ভেজাল, নকল পণ্য প্রতিরোধে সচেতনতা মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিতমোবাইলকোর্ট | সুনামগঞ্জ সদর থানা | প্রয়োজনীয় পুলিশ ফোর্স দিয়ে সহযোগিতা |
| মাদক প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিতমোবাইলকোর্ট | সুনামগঞ্জ সদর থানা | প্রয়োজনীয় পুলিশ ফোর্স দিয়ে সহযোগিতা |
| উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | সিদ্ধান্ত বাস্তবায়িত | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রদান | প্রয়োজনীয় তথ্য উপাত্ত দিয়ে সহযোগিতা করা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ